JAN 2 2001

তারিখ ৩
পৃষ্ঠা ৪

দৈনিক ইত্তেফাক

# সমাবর্তনকে কেন্দ্র করিয়া বুয়েট এখন উৎসবমুখর

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) আগামী ২০শে জানুয়ারী অনুষ্ঠিতব্য সমাবর্তকে কেন্দ্র করিয়া ক্যাম্পাস এখন উৎসবমুখর। বুয়েটের ৬ষ্ঠ এ সমাবর্তন উপলক্ষে বিভিন্ন ভবন ও সমাবর্তন অনুষ্ঠানস্থল বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠের দেওয়ালে ও চারিপার্শ্বে চুনকাম করা হইতেছে। ২০শে জানুয়ারী সকাল সাড়ে ১০টায় উদ্বোধনী অনুষ্ঠান শুরু হইবে। *(১৩শ পৃঃ কঃ ৫-এর দ্রঃ)*

## বুয়েট এখন উৎসবমুখর

*(৩য় পৃঃ পর)*

বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাবর্তনে ৭ জন পিএইচডিসহ মোট ১০৬ জন স্নাতকোত্তর এবং ৯৭৯ জন স্নাতক ডিগ্রী অর্জনকারীকে সনদ ও পদক বিতরণ করিবেন। সমাবর্তনে ১৯৯৭ সালের ডিসেম্বর হইতে ২০০০ সালের নভেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ হইতে উত্তীর্ণ শিক্ষার্থীরা যোগদান করিবেন। সমাবর্তন অনুষ্ঠান সফল করিতে ১২টি উপ-কমিটি অব্যাহতভাবে কাজ করিয়া যাইতেছে। বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে ৫ হাজার আসন বিশিষ্ট প্যান্ডলের কাজ ইতিমধ্যে শুরু হইয়া গিয়াছে। সমাবর্তন ব্যয় ধরা হইয়াছে ৩৭ লক্ষ টাকা। সমাবর্তন বক্তব্য দিবেন সাবেক প্রধান বিচারপতি মোস্তাফা কামাল।

১৯৬১ সালে বুয়েট প্রতিষ্ঠিত হওয়ার পর হইতে এ পর্যন্ত প্রায় ২০ হাজার প্রকৌশলী স্থাপতি ও পরিকল্পনাবিদ পেশাগত শিক্ষার শিক্ষিত হইয়া দেশ ও জাতির সেবায় সক্রিয়ভাবে নিয়োজিত রহিয়াছেন বলিয়া জানা যায়। ১৯৭৩ সালের ২০শে মার্চ অনুষ্ঠিত প্রথম সমাবর্তন অনুষ্ঠান ছিল বুয়েটের জীবনে এক স্মরণীয় ঘটনা। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। দ্বিতীয় সমাবর্তন হয় ১৯৭৬ সালের ১২ই নভেম্বর , তৃতীয় সমাবর্তন ১৯৯২ সালের ২৬শে ফেব্রুয়ারী, চতুর্থ সমাবর্তন ১৯৯৩ সালের ৮ই মে এবং ৫ম সমাবর্তন অনুষ্ঠিত হয় ১৯৯৭ সালের ২৭শে নভেম্বর।

সমাবর্তন অনুষ্ঠানে দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ে, ভিসি, প্রো-ভিসি, সার্কদেশসমূহের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসি, মন্ত্রী পরিষদ সদসবৃন্দ রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষা-সামাজিক-সাংস্কৃতিক সাংবাদিক ক্ষেত্রে বিশিষ্ট ব্যক্তিবর্গ উচ্চ পদস্থ সামরিক ও বেসামরিক ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানানো হইয়াছে।

**ডঃ এম এ রশিদ স্বর্ণপদকঃ**

৬ষ্ঠ সমাবর্তনে বুয়েটের তিন প্রফেসরকে ডঃ এম এ রশিদ স্বর্ণপদক প্রদান করা হইবে। তিন জন হইলেন পুরকৌশল বিভাগের প্রফেসর ডঃ জামিলুর রেজা চৌধুরী, প্রফেসর এম ফিরোজ আহমেদ এবং ম্যাকানিকাল বিভাগের প্রফেসর এম ওয়াহেজ আহমেদ।